# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কুষ্টিয়া পানি উন্নয়ন সার্কেল
বাপাউবো, কুষ্টিয়া।

ফোন (অফিস) ঃ ০২-৪৭৭৭৮৩৫৮৮
ফোন (বাসা) ঃ ০২-৪৭৭৭৮৩৫৩৩
ই-মেইল ঃ se.kushtia@gmail.com
ওয়েব সাইট ঃ bwdbse.kushtia.gov.bd

স্মারক নম্বর-২১ই-৮৪/১৮৯৯ তারিখ ঃ ২৪.০৬.২০২৪ খ্রি.

## ঃ দ প্ত রা দে শ ঃ

এ দপ্তরে কর্মরত জনাব পুষ্প রেণু সেন (পরিচিতি নম্বর-৬৭১১২৫০০১), উচ্চমান সহকারী এর চাকুরীকাল ২৫(পঁচিশ) বছর পূর্তি হওয়ায় স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করেন। কর্মচারীর চাকুরী বহিতে লিপিবদ্ধ নিয়মিত হিসাবে যোগদানের তারিখ ২৫.১১.১৯৮৯ অনুযায়ী ২৪.১১.২০১৪ খ্রি. তারিখে তাঁর চাকুরীকাল ২৫ (পঁচিশ) বছর পূর্ণ হয়েছে। কর্মচারীর চাকুরীকাল বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০০ এর প্রবিধান-৭ অনুযায়ী চাকুরী হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের নূন্যতম চাকুরীকাল ২৫(পঁচিশ) বছরের অধিক হওয়ায় পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র স্মারক নম্বর-৪২.০১.০০০০.০২৪. ৯৯.৩৬৩(২).২২-১৩২, তারিখ-১০.০৬.২০২৪ খ্রি. মোতাবেক ০১.০৫.২০২৪ খ্রি. তারিখ হতে তাঁর স্বেচ্ছায় অবসর গ্রহণ মঞ্জুর করা হয়েছে। কর্মচারী স্বেচ্ছায় অবসর উত্তর ছুটির আবেদন করায় বাপাউবো (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৩১(১) অনুযায়ী "The Public Servants Retirement Act-1974 (Amended-2010)" এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের আদেশ এসআরও নম্বর-৩৭০-আইন/২০১৫, চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ,২০১৫ এর অনুচ্ছেদ ৯ এর উপ-অনুচ্ছেদ ২(ক) অনুযায়ী ছুটি পাওনা সাপেক্ষে ১২(বারো) মাস পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি ভোগের সুবিধা পাবেন। কর্মরচারীর চাকুরী বহিতে সংরক্ষিত অর্জিত ছুটির হিসাবে ৪৬৭ (চারশত সাতষট্টি) দিন পূর্ণ বেতনে অর্জিত ছুটি জমা থাকায় নিম্নবর্ণিতভাবে তাঁর অনুকূলে অবসর উত্তর (পিআরএল) ছুটি মঞ্জুর করা হলো।

(ক) ০১.০৫.২০২৪ হতে ৩০.০৪.২০২৫ খ্রি. পর্যন্ত ১(এক) বছর অর্থাৎ ১২(বারো) মাস পূর্ণ বেতনে।

(খ) উক্ত ছুটি ভোগের পর তিনি যথারীতি ০১.০৫.২০২৫ খ্রি. তারিখে চাকুরী হতে চুড়ান্তভাবে অবসর গ্রহণ করবেন এবং এতদ্বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুযায়ী অবসর ও অবসর উত্তর (পিআরএল) ছুটি কালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

২৪/০৬/২৪

(মোঃ আব্দুল হামিদ)
পরিচিতি নম্বর-৭৩১২০১০০১
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

স্মারক নম্বর-২১ই-৮৪/১৮৯৯(৮) তারিখ ঃ ২৪.০৬.২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
২। পরিচালক (বোর্ড), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২-গ্রীণরোড, ঢাকা।
৩। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁর দপ্তর স্মারক নম্বর-৪২.০১.০০০০.০২৪. ৯৯.৩৬৩(২).২২-১৩২, তারিখ-১০.০৬.২০২৪ খ্রি. এ ব্যবস্থা গৃহিত হলো।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb. gov.bd) প্রকাশের জন্য।
৭। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কুষ্টিয়া।
৮। জনাব পুষ্প রেণু সেন, উচ্চমান সহকারী, কুষ্টিয়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া।

২৪/০৬/২৪

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কুষ্টিয়া পানি উন্নয়ন সার্কেল
বাপাউবো, কুষ্টিয়া।